

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
রাণীশংকৈল, ঠাকুরগাঁও
fisheries.ranisankail.thakurgaon.gov.bd

পত্র নং: ৩৩.০২.৯৪৮৬.৫০১.৩৬.০২৭.১৭.০৫

তারিখঃ ১০/০১/২০২৪ খ্রি.


বিজ্ঞপ্তি

বিষয়ঃ 'জাতীয় মৎস্য পদক ২০২৪'-এর জন্য আবেদন আহ্বান।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য সেক্টরের বিভিন্ন ক্ষেত্রে গৌরবময় ও উল্লেখযোগ্য অবদান স্বীকৃতিস্বরূপ প্রতি বছর জাতীয় মৎস্য পদক প্রদান করা হয়ে থাকে। মৎস্য সম্পদ উন্নয়নে জাতীয় মৎস্য পদক প্রদান সরকার অনুমোদিত সর্বশেষ 'জাতীয় মৎস্য পদক নীতিমালা, ২০১৯ (২০২২ খ্রিস্টাব্দ পর্যন্ত সংশোধিত)' অনুসারে পরিচালিত হচ্ছে। 'জাতীয় মৎস্য পদক ২০২৪'-এর প্রার্থী মনোনয়ন প্রদানের ক্ষেত্রে পঞ্জিকাভুক্ত ২০২৩ খ্রিস্টাব্দ (জানুয়ারি-ডিসেম্বর) ভিত্তি বছর হিসেবে বিবেচ্য হবে। সেই উপলক্ষ্যে রাণীশংকৈল উপজেলার আগ্রহী মৎস্য হ্যাচারী, গুনগত মান সম্পন্ন পোনা উৎপাদক, মৎস্যচাষী, চিংড়ি এর পিএল (গলদা/বাগদা) উৎপাদনকারী, মৎস্য ও মৎস্যজাত পণ্য উৎপাদন/প্রক্রিয়াজাতকরণ/ আমদানীকারক/ রপ্তানীকারক এবং মৎস্য সম্পদ উন্নয়নে অবদান রাখা বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট হতে 'জাতীয় মৎস্য পদক ২০২৪'-এর জন্য নির্ধারিত আবেদন ফর্ম পূরনপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সহ আগামী ৩১/০১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে অত্র অফিসে জমা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ

- ১। জাতীয় মৎস্য পদক ২০২৪ এর আবেদন ফর্ম-২ (দুই) পৃষ্ঠা।
- ২। জাতীয় মৎস্য পদক নীতিমালা, ২০১৯ (২০২২ খ্রিস্টাব্দ পর্যন্ত সংশোধিত)-৩৩ (তেরিশ) পৃষ্ঠা।
- ৩। মনোনয়ন প্রস্তাব যথাযথভাবে পূরণ ও প্রেরণের প্রয়োজনীয় নির্দেশনাবলী-০৬ (ছয়) পৃষ্ঠা।


রাফিকুল ইসলাম
উপজেলা মৎস্য কর্মকর্তা
রাণীশংকৈল, ঠাকুরগাঁও
ফোন: ০১৭৬৯৪৫৯৭৮৮

uforanisankail@fisheries.gov.bd

পত্র নং: ৩৩.০২.৯৪৮৬.৫০১.৩৬.০২৭.১৭.০৫(৫)

তারিখঃ ১০/০১/২০২৪ খ্রি.

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ঠাকুরগাঁও-৩।
- ২। জেলা মৎস্য কর্মকর্তা, ঠাকুরগাঁও।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাণীশংকৈল, ঠাকুরগাঁও।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, রাণীশংকৈল, ঠাকুরগাঁও।
- ৫। অফিস কপি।